
2 OCT 2002

# াগিতার শীর্ষে তিন বাংলাদেশী











ইউনিভারসিটিতে প্রোগ্রামিং প্রতিযোগিতায় উৎসাহী ছাত্র-ছাত্রীদের কোচিং দিয়ে আসছেন। এছাড়াও এ বছরের এপ্রিল মাস থেকে তিনি ভ্যালাদলিফ সাইটের জাজ টীমেরও একজন সদস্য।

সুমিত প্রথম কম্পিউটার পান ৯৫ সালে, বুয়েটের ক্লাস শুরু হবার আগেই। তবে প্রোগ্রামিং প্রতিযোগিতায় অংশগ্রহণ শুরু হয় লেভেল ২, টার্ম ২ থেকে। তার বন্ধু তানভীর আহমেদই তাকে অনুপ্রেরণা যোগায়। তাঁর দল ICPC Regional '99 (Dhaka NSU)- তে ৩য় (সুমিত, রিয়াজ, তানভীর) ECD তে ৎয় (সুমিত, রিয়াজ, তানভীর) এবং NCPC 2001এ ৩য় (সুমিত, রিয়াজ, আবদুল্লাহ) স্থান অধিকার করেন।

সুমিতের প্রিয় প্রোগ্রামিং ল্যাঙ্গুয়েজ C, এ ছাড়াও C++, Visual C++, Java, pascal, C # ইত্যাদি প্রোগ্রামিং. ল্যাঙ্গুয়েজ এবং Javascript. Html ইত্যাদি স্ক্রিপটিং ল্যাঙুয়েজেও তিনি সমানভাবে পারদর্শী। এছাড়াও পারেন Image Processing এর কাজ। সুমিতের ইমেইল এড্রেস হল Shahriar@neksus.com.

## মোঃ কামরুজ্জামান শাওন

মোঃ কামরুজ্জামান শাওন এক ভাই এক বোনের মধ্যে বড়। বাবা আবদুর রব রিয়াটার্ড সরকারী কর্মকর্তা, মা আলেয়া বেগম সরকারী অফিসে কর্মরত আছেন।

ভ্যালাদলিদ সাইটে কামরুজ্জামান ৫৪৬টি সমস্যা সমাধান করে পৃথিবীতে ২৫তম এবং বাংলাদেশীদের মধ্যে ৩য় অবস্থানে আছেন।

কামরুজ্জামান শের-এ বাংলা সরকারী বালক উচ্চ বিদ্যালয় থেকে '৯৫তে ৮৬৭ নম্বর পেয়ে এসএসসি এবং ঢাকা কলেজ থেকে ৯৭ তে ৮১৫ পেয়ে এইচএসসি পাস করেন। বুয়েটের ভর্তি পরীক্ষায় তাঁর স্থান ছিল ১০ম। বতর্মানে তিনি বুয়েটের লেভেল এ টার্ম ২ এর ছাত্র।

ECD, NCPC সহ সব কনটেস্টেই কামরুজ্জামানের পদচারণা ছিল। তবে চূড়ান্ত সাফল্য আসে ২০০১ এর ACM Regional (ঢাকা সাইট) এ। তাঁর দল (কামরুজ্জামান, আবদুল্লাহ, নাসা) চ্যাম্পিয়ন হয়ে ২০০২ হাওয়াইতে অনুষ্ঠিত ACM World Finals-এ অংশগ্রহণের সুযোগ পান। পাশাপাশি বিভিন্ন অনলাইন কনটেস্টের সাফল্য ত আছেই।

অবসরে কামরুজ্জামান বই পড়েন এবং টিভি দেখেন বেশি দেখেন খেলা। তবে তাঁর নেশা হল প্রোগ্রামিং কনটেস্ট করা। বুয়েটে ভর্তি হবার পর থেকেই তিনি প্রোগ্রামিং কনটেস্টের চেষ্টা করে আসছেন এবং একক চেষ্টায় তিনি এতদূর আসতে পেরেছেন।

প্রোগ্রামিং কনটেস্ট ছাড়াও তিনি বিভিন্ন সময়ে বিভিন্ন সফটওয়্যার ডেভেলপ করেছেন– যেমন text editor, email client (java দিয়ে) এবং কিছু ছোটখাট গেইম (যেমন tic tac toe--)। বর্তমানে একই সঙ্গে একটি ভিডিও এডিটিং সফটওয়্যার কম্পিউটার ইন্টারফেইসিং, অপারেটিং সিস্টেম ডেভেলপমেন্ট এবং ইনফরমেশন সিস্টেম ডিজাইন নিয়ে কাজ করছেন।

কামরুজ্জামান শুধু কনটেস্টে অংশগ্রহণই করেননি ভ্যালাদলিদ সাইটে একটি কনটেস্ট আয়োজনও করেছেন। কামরুজ্জামানের ইমেইল অ্যাড্রেস হল aloha@agni.net